

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 06-01-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) ভারত - বাংলাদেশ আন্তর্জাতিক জল সীমানায় দু-দেশের মৎস্যজীবীদের হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন। আজ সাগরদ্বীপে ফিরছেন ৯৫ জন মৎস্যজীবী।
- ২) গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে আজ দু-দিনের সফরে সেখানে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।
- ৩) রাজ্যের সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত হবে।
- ৪) মালদায় তৃণমূল কংগ্রেস নেতা দুলালচন্দ্র সরকার খুনের ঘটনায় মূল অভিযুক্ত দু-জনের সন্ধান দিলে পুরস্কার মূল্য ঘোষণা জেলা পুলিশের।
- ৫) আই এস এল-এর ম্যাচে যুব ভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল আজ মুম্বাই সিটি এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooo

ভারত - বাংলাদেশ আন্তর্জাতিক জল সীমানায় দু-দেশের মৎস্যজীবীদের হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় বাংলাদেশ থেকে আজ সাগরদ্বীপে ফিরছেন ৯৫ জন মৎস্যজীবী। ফিরছে মৎস্যজীবীদের আটক ৬-টি ট্রলারও। আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের অভিযোগে এই মৎস্যজীবীদের গ্রেফতার করা হয়েছিল। বাংলাদেশজুড়ে সাম্প্রতিক হিংসার

পরিস্থিতিতে জেলবন্দি ভারতীয় মৎস্যজীবীদের পরিবারগুলি বেশ দুঃশ্চিন্তায় দিন কাটাচ্ছিলেন। সম্প্রতি দু-দেশের বিদেশ মন্ত্রকের আলোচনায় মৎস্যজীবীদের বিষয়টিও উঠে আসে। অন্যদিকে, ভারত থেকে বাংলাদেশ ফিরলেন ৯০ জন মৎস্যজীবী। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মৎস্যজীবী ও তাদের পরিবারগুলির সঙ্গে সাক্ষাৎ করবেন বলে জানা গেছে। আর্থিক সহায়তার পাশাপাশি তাদের হাতে উপহারও মুখ্যমন্ত্রী তুলে দেবেন বলে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

(ভয়েসকাস্ট - গৌতম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উল্লেখ্য, পৌষ সংক্রান্তি উপলক্ষে আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি সেরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ গঙ্গাসাগর যাচ্ছেন। দুপুরে কলকাতা থেকে আকাশপথে গঙ্গাসাগরে পৌঁছে তিনি মেলার সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখবেন। পাশাপাশি সমুদ্র তটের বিভিন্ন ঘাট গুলিতে নদী বাঁধ ভাঙ্গন রুখতে কি পদক্ষেপ নেওয়া হয়েছে তা নিয়ে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করার পাশাপাশি মুড়িগঙ্গা নদীতে ড্রেজিং এবং তার উপরে সেতু নির্মাণের বিষয়ও তিনি কথা বলবেন বলে মনে করা হচ্ছে। আগামীকাল মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার

আগামী ৯ থেকে ১৭-ই জানুয়ারী পর্যন্ত সাগর মেলা চলবে। তীর্থযাত্রীদের মেলায় আসার আবেদন জানিয়ে রাজ্য সরকার, ইতমধ্যেই মোবাইলে এসএমএস পাঠানোর কাজ শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সাগর মেলায় মুখ্যমন্ত্রীর সফর ঘিরে আঁটোসাটো নিরাপত্তা ব্যবস্থার পাশাপাশি পরিচ্ছন্নতার দিকেও বিশেষ নজর দেয়া হয়েছে। গতকাল গভীর রাত পর্যন্ত মেলা প্রাঙ্গণে ছড়িয়ে থাকা প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও সেগুলি সরিয়ে ফেলতে কর্মীদের মধ্যে

চূড়ান্ত তৎপরতা লক্ষ্য করা গেছে। গত কয়েক বছরে সমুদ্র মন্দিরের দিকে এগিয়ে আসায় মেলার আগে তট এলাকায় যুদ্ধকালীন পরিস্থিতিতে চলছে মাটি ফেলা ও মেরামতির কাজ। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, প্রতিবেশী বাংলাদেশের বর্তমান অশান্ত পরিস্থিতির প্রেক্ষিতে আসন্ন গঙ্গাসাগর মেলার ভিড়কে কাজে লাগিয়ে রাজ্যে অনুপ্রবেশ ঘটতে পারে বলে আশঙ্কা প্রকাশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। সুন্দরবনের উপকূল এলাকায় উপকূলরক্ষী বাহিনী এবং নৌসেনা নজরদারির কাজ শুরু করেছে।

অন্যদিকে মেলার নিরাপত্তায় বারো হাজার পুলিশ কর্মী ও আধিকারিক মোতায়েন ছাড়াও সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সুন্দরবনের বিভিন্ন ট্রলারের লাইসেন্স পরীক্ষা করা হচ্ছে। নজর রাখা হচ্ছে ফেরি সার্ভিসের যাত্রীদের উপরেও। মেলা চলাকালীন সাগর ও মেদিনীপুরের মধ্যে চলাচলকারী ফেরি সার্ভিস বন্ধ রাখতে বলা হয়েছে। মেলার নিরাপত্তায় ১২-শো ক্লোজ সার্কিট ক্যামেরা থাকবে বলে জেলাশাসক সুমীত গুপ্ত জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ নিয়ে বিএসএফ-এর বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে খোলা চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রী ভোট ব্যাংকের স্বার্থে এই ধরনের অভিযোগ উত্থাপন করছেন বলে শুভেন্দু বাবু চিঠিতে উল্লেখ করেছেন। এ রাজ্যে অনুপ্রবেশকারীদের পরিচয় পত্র কিভাবে তৈরি হয় এবং পুলিশ ও অন্যান্য আধিকারিকরা কিভাবে সেগুলি যাচাই করে নাগরিকত্ব দেয়, বিরোধী দলনেতা সেই প্রশ্ন তোলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদা স্টেশন চত্বরে আটক বাংলাদেশী এক মহিলাকে ১৪ দিনের জেল হেফাজত দিয়েছে আদালত। বেবী বিশ্বাস নামে ওই মহিলা দিন ১২ আগে বসিরহাট সীমান্ত দিয়ে ভারতে ঢোকেন। সেখান থেকে কাজের জন্য মুম্বাই চলে যান। ধরপাকড়ের ভয়ে ফের কলকাতায় ফিরে আসেন ওই মহিলা। তার কাছে কোন বৈধ কাগজপত্র ছিল না বলে পুলিশ সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মমতা ব্যানার্জীকে দল থেকে বহিষ্কার করার ফলেই রাজ্যে কংগ্রেস বর্তমান কঠিন পরিস্থিতির মুখে দাঁড়িয়ে বলে প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য মন্তব্য করেছেন। মধ্য কলকাতার সন্তোষ মিত্র স্কোয়ারে দলীয় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে প্রদীপবাবু একথা বলেন।

এর প্রেক্ষিতে প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী বলেছেন, কংগ্রেসের হাত ধরে মমতার উত্থান হলেও রাজ্যে ক্ষমতায় এসে তিনি কংগ্রেসকে উৎখাত করার কাজ চালিয়ে গেছেন।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো আছে।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সংশোধিত সচিত্র চূড়ান্ত ভোটার তালিকা আগামীকাল প্রকাশিত হবে । সকাল ১১টা নাগাদ এই তালিকা প্রকাশ হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে খবর। রাজ্যের প্রতিটি জেলা নির্বাচনী আধিকারিক, মহকুমা শাসক বা ERO কার্যালয়, বুথ স্তরে এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে চূড়ান্ত ভোটার তালিকা পাওয়া যাবে। গত ১২ই নভেম্বর রাজ্যের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়। ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচি চলে গত ১২ই নভেম্বর থেকে ১২ই ডিসেম্বর পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘাটাল মাস্টার প্ল্যান এর কাজ আগামী মাস থেকেই সুচারু রূপে শুরু করা হবে বলে রাজ্যের মন্ত্রী মানুষ ভূঁইয়া জানিয়েছেন। ইতিমধ্যে মেদিনীপুরের বেশ কয়েকটি খাল ও নদী সংস্কারের কাজ শুরু করা হয়েছে বলেও জানা গেছে। মন্ত্রী বলেন ঘাটালের উন্নয়নে ও দুই মেদিনীপুরের মানুষজনকে প্রতি বছর বানভাসি হওয়া থেকে মুক্তি দিতে ঘাটাল মাস্টার প্ল্যান কার্যকর করার পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার।

বাইট

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ইতিমধ্যেই জানিয়ে দিয়েছেন ঘাটাল মাস্টার প্ল্যান কার্যকরী করার ক্ষেত্রে কেন্দ্র অসহযোগিতা করছে। তাই রাজ্য সরকার নিজেরাই এটি বাস্তবায়ন করবে। ইতিমধ্যে সাংসদ দেব জানিয়েছেন যে পরিস্থিতি অনুকূল থাকলে এ বছরের গোড়ার দিকেই ঘাটাল মাস্টার প্ল্যান এর কাজ শুরু করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদায় তৃণমূল কংগ্রেস নেতা দুলাল চন্দ্র সরকার ওরফে বাবলা সরকারের খুনের ঘটনায় মূল অভিযুক্ত দু-জনের সন্ধান দিলে পুরস্কার মূল্য ঘোষণা করেছে জেলা পুলিশ। এই ঘটনায় এখনও পর্যন্ত ৫ জনকে গ্রেফতার করা হলেও মূল দুই অভিযুক্ত বাবলু

যাদব এবং কৃষ্ণ রজক, ওরফে রোহন এখনও পলাতক। তাদের সন্ধান দিতে পারলে ২ লক্ষ টাকা নগদ পুরস্কার দেওয়া হবে বলে পুলিশ সূত্রে ঘোষণা করা হয়েছে। প্রকাশ করা হয়েছে ২ জনের ছবিও।

০০০০০০০০০০০০০০০০০০০০

অন লাইনে মাধ্যমিক পরীক্ষার্থীদের ফর্মফিলাপের জন্য সময়সীমা আরও একদিন বাড়িয়েছে মধ্যশিক্ষা পর্ষদ। আজ বেলা ১১-টা থেকে আগামীকাল বেলা ১১-টা পর্যন্ত অনলাইন ফর্ম পূরণের পোর্টাল খোলা থাকবে বলে পর্ষদ জানিয়েছে। নথিভুক্ত মাধ্যমিক পরীক্ষার্থীদের ফর্ম ফিলাপ বাকি থাকলে স্কুলগুলি এই সময়ের মধ্যে তা করতে পারবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষণাবেক্ষণের কাজের কারণে মা উড়ালপুলের একাংশ অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের চিংড়িঘাটা থেকে পার্ক সার্কাস সেভেন পয়েন্ট অংশে মা উড়ালপুল রাত দশটা থেকে সকাল ছটা পর্যন্ত বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় উড়ালপুলের এই অংশ দিয়ে কোন গাড়ি চলাচল করবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০

ঝঞ্ঝার কারণে রাজ্যে শীত কিছুটা থমকে। আগামী দুদিন শুষ্ক আবহাওয়া থাকলেও ৭ তারিখ উত্তরবঙ্গের কয়েকটি জেলায় হালকা বৃষ্টির সম্ভাবনা বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন-

(বাইট – সোমনাথ)

আজ কলকাতায় দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে সামান্য বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

oooooooooooooooooooooooooooooooo

আইএসএলের ম্যাচে ইস্টবেঙ্গল আজ মুম্বই সিটি এফসির মুখোমুখি হবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ১৩-টি করে ম্যাচ খেলেছে। ইস্টবেঙ্গল ১৪ পয়েন্ট নিয়ে লীগ তালিকায় একাদশ স্থানে রয়েছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo